# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**04 SEPTEMBER 2026** **7:35—7:40 AM**

---

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যের পুলিশ প্রশানের পরিকাঠামোকে আরো আধুনিক ও উন্নত করার লক্ষ্যে গতকাল দেরগাওয়ে রাজ্যের সব পুলিশ সুপারদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে অংশগ্রহন করেন । মুখ্যমন্ত্রী আসাম পুলিশে নতুন করে দুটি ব্যাটেলিয়ন গঠন করা হবে বলে জানান ।

এছাড়া দেড়গাঁওয়ের লাচিত বরফুকন পুলিশ একাডেমীকে জাতীয় মানদন্ডের অত্যাধুনিক প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে একাডেমী প্রাঙ্গণে আয়োজিত

পুলিশ সুপার সম্মেলনে আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং ও রাজ্য সরকারের মূখ্য সচিব রবি কোটা উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের খাদ্য ,গন বন্টন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী তথা হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৌশিক রাই আগামীকাল হাইলাকান্দি সফর করবেন । সফরকালে মন্ত্রী শ্রীরাই হাইলাকান্দি সিভিল হাসপাতাল পরিদর্শন করে চিকিৎসা পরিষেবা ,পরিকাঠামো এবং রোগীদের জন্য উপলব্ধ বিভিন্ন সুযোগ সুবিধা খতিয়ে দেখা সহ হাসপাতালের বিভিন্ন সমস্যা ও উন্নয়নের প্রয়োজনীয় বিষয় নিয়েও সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে আলোচনা করবেন । এরপর অভিভাবক মন্ত্রী হাইলাকান্দি জেলা পরিষদের সদস্যদের সঙ্গে একটি বৈঠকে অংশ নিয়ে জেলার গ্রমোন্নয়ন , বিভিন্ন সরকারী প্রকল্পের বাস্তবায়ন এবং জেলা পরিষদের অধীনে চলা বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করবেন । এছাড়াও মন্ত্রী শ্রীরাই জেলা আয়ুক্তের কার্যালয়ে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে একটি পর্যালোচনা বৈঠকে অংশ নেবেন বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

---

কাছাড় জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে শিলচর পৌর নিগম নির্বাচনে প্রতিদ্বন্দী প্রার্থীরা সরকারী ছুটির দিন ছাড়া যেকোন দিন সকাল ১১টা থেকে বিকেল তিনটে পর্য্যন্ত মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন । এরপর ১৪ই সেপ্টেম্বর শিলচর সরকারী বালক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে মনোনয়ন পত্রগুলি যাচাই করা হবে এবং ১৭ই সেপ্টেম্বর দুপুর তিনটে পর্য্যন্ত মনোনয়ন প্রত্যাহার করা যাবে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল জেলায় সার বিক্রি ফ্রেম ওয়ার্ক মডিউল শুরু হয়েছে । অতিরিক্ত জেলা আয়ুক্ত মির্নাভা দেবী আরামবাম গতকাল জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে সার বিক্রি ফ্রেম ওয়ার্কের সূচনা করেন । অনুষ্ঠানে জেলা কৃষি আধিকারীক , কৃষি উন্নয়ন আধিকারীক, কৃষি সম্প্রসারন আধিকারীক, স্থানীয় সার বিক্রেতা ও প্রগতিশীল কৃষকরা উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য এই ব্যবস্থায় ডিজিটেল পদ্ধতিতে প্রকৃত কৃষকদের কাছে দ্রুত ও সঠিক উপায়ে সার পৌঁছে দেওয়া সম্ভব হবে ।

---------------------------------------------------------------------------------------------

এদিকে শ্রীভূমি জেলায়ও গতকাল সার বিক্রয় ফ্রেম ওয়ার্ক সেলের উদ্বোধন করা হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী মোবাইল অ্যাপের মাধ্যমে এই সেলের উদ্বোধন করেন । এখন থেকে জেলার সব পঞ্জীয়ন কৃত কৃষক সরকার নির্ধারিত মূল্যে সার ক্রয় করতে পারবেন । অনুষ্ঠানে অতিরিক্ত জেলা আয়ুক্ত নিলোৎপল পাঠক , জেলা কৃষি আধিকারীক সফিকুল ইসলাম প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য মহিলা কমিশনের নির্দেশে শ্রীভুমির জেলা আয়ুক্ত শ্রীভূমি জেলা মহিলা সেল গঠন করেছেন । মহিলাদের বিভিন্ন অভিযোগের সমাধান এবং আসাম রাজ্য মহিলা কমিশনের নির্দেশিকা অনুসারে সচেতনতা তৈরীর লক্ষ্যে ১০ সদস্যের এই কমিটি গঠন করা হয়েছে । কমিটিতে জেলা আয়ুক্তকে সভাপতি এবং কার্যবাহী ম্যাজিষ্ট্রেট বহ্নিকা চেতিয়াকে সদস্য সচিব মনোনীত করা হয়েছে । এছাড়া কমিটিতে শ্রীভুমির পুলিশ সুপার , জেলা পরিষদের সভাপতি , জেলা সমাজ কল্যান আধিকারীক , সরকারী আইনজীবি এবং স্বেচ্ছাসেবী সংগঠনের কয়েকজন সমাজকর্মী সদস্য হিসেবে রয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় গ্রাম উন্নয়ন কাজের অনিয়ম বন্ধ করা সহ প্রধানমন্ত্রী আবাস যোজনার কিস্তি নিয়মিত প্রদান করা , অরুনোদয় প্রকল্পের তালিকা পুনরায় পরীক্ষা করা , বন্যায় ক্ষতিগ্রস্ত লোকেদের তালিকা পুনরায় পরীক্ষা করা এবং প্রকৃত হিতাধিকারীদের সরকারী প্রকল্পের সুবিধা প্রদান করার দাবী জানিয়ে হাইলাকান্দি জেলা যুব কংগ্রেস কমিটির উদ্যোগে গতকাল জেলা আয়ুক্তের কর্য্যলয়ের সামনে বিক্ষোভ কার্যসূচী পালন করা হয় । পরে যুব কংগ্রেসের একটি প্রতিনিধি দলটি জেলা আয়ুক্তের সঙ্গে সাক্ষাৎ করে একটি স্মারক পত্র প্রদান করে ।
এবিষয়ে বিধায়ক জুবাইর আনম মজুমদার আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন -----

বাইট

-----------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার সেমি-ফাইনালে প্রবেশ করল ডাইবর্লাং এফ সি জামিরখাল । প্রতিযোগীতার আজকের খেলায় গুয়াইথাই এফ সি এবং মথুরাপুর এফ সি দল পরস্পরের মুখোমুখি হবে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায়
ডাইবর্লাং এফ সি জামিরখাল ২-১ গোলের ব্যবধানে লকেল এফ সি সপ্তগ্রাম দলকে পরাজিত করে । গতকালের খেলায় সেরা খোলোয়াড় নির্বাচিত হয়েছেন শংকু ।

-----------------------------------------------------------------------------------